সোনালী ব্যাংক পিএলসি
সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট)
প্রধান কার্যালয় ,ঢাকা।

নং-প্রকা/সিএডি(পেমেন্ট)/এএফএমডি/বহি:নিরীক্ষক নিয়োগ/ ৯২৫ তারিখ: ২৯/০১/২০২৪

**সোনালী ব্যাংক পিএলসি এর ৪টি ট্রাস্ট ফান্ড নিরীক্ষার জন্য বহি:নিরীক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি**

সোনালী ব্যাংক পিএলসি এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য সৃষ্ট ৪টি ফান্ড যথাক্রমে সোনালী ব্যাংক এমপ্লয়ীজ কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড (CPF), সোনালী ব্যাংক এমপ্লয়ীজ জেনারেল প্রভিডেন্ট ফান্ড (GPF), সোনালী ব্যাংক এমপ্লয়ীজ পেনশন/গ্রাচুইটি ফান্ড (Pension/Gratuity Fund) এবং সোনালী ব্যাংক এমপ্লয়ীজ পেনশন এন্ড ডেথ কাম রিটায়ারমেন্ট বেনিফিট (PDCRB) ফান্ডের ৩১.১২.২০২২ ও পরবর্তী ২ বছর অর্থাৎ মোট ৩ বছরের নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য সংযুক্ত Terms of Reference (TOR) মোতাবেক চার্টার্ড একাউন্টেন্টস ফার্ম এর নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আগ্রহী অডিট ফার্মসূহকে তাদের অভিজ্ঞতা, দক্ষতা ও সফলতার বিস্তারিত বিবরণসহ (যদি থাকে) আগ্রহপত্র (Expression of interest) সিলগালাকৃত খামে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৫ দিনের মধ্যে ডেপুটি জেনারেল ম্যানেজার, সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট), সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৯/০১/২০২৪
(আলমগীর কবির চৌধুরী)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ সোনালী ব্যাংক পিএলসি এর ৪টি ট্রাস্ট ফান্ড নিরীক্ষার জন্য বহি:নিরীক্ষক নিয়োগের Terms of Reference (TOR)।

সোনালী ব্যাংক পিএলসি
সেন্ট্রাল একাউন্টস ডিভিশন(পেমেন্ট)
এমপ্লয়ীজ ফান্ড ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
<u>প্রধান কার্যালয়, ঢাকা।</u>

সোনালী ব্যাংক পিএলসি এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য সৃষ্ট ৪টি ফান্ড নিরীক্ষার জন্য বহি:নিরীক্ষক <u>নিয়োগের নিমিত্ত **Terms of Reference (TOR):**</u>

সোনালী ব্যাংক পিএলসি এর কর্মকর্তা-কর্মচারীদের সংশ্লিষ্ট ৪টি ফান্ড যথাক্রমে সোনালী ব্যাংক এমপ্লয়ীজ কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড (CPF), সোনালী ব্যাংক এমপ্লয়ীজ জেনারেল প্রভিডেন্ট ফান্ড (GPF), সোনালী ব্যাংক এমপ্লয়ীজ পেনশন/গ্রাচুইটি ফান্ড (Pension/Gratuity Fund) এবং সোনালী ব্যাংক এমপ্লয়ীজ পেনশন এন্ড ডেথ কাম রিটায়ারমেন্ট বেনিফিট (PDCRB) ফান্ডের ৩১.১২.২০২২ ও পরবর্তী ২ বছর অর্থাৎ মোট ৩ বছরের নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য ১টি চার্টার্ড একাউন্টেন্টস ফার্মকে নিয়োগ করা হবে।

১.০০: <u>বহি:নিরীক্ষক ফার্মের যোগ্যতা:</u>

০১। আবেদনকারী প্রতিষ্ঠানকে অবশ্যই বাংলাদেশ ব্যাংক অনুমোদিত তালিকার একটি চার্টার্ড একাউন্টেন্টস ফার্ম হতে হবে;

০২। আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যাংকের ট্রাস্ট ফান্ড নিরীক্ষা সংক্রান্ত কাজের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;

০৩। ট্রাস্ট ফান্ড সংক্রান্ত নিরীক্ষা কাজে পারদর্শী এক বা একাধিক Resource Person ফার্মে থাকতে হবে।

**২.০০:** <u>বহি:নিরীক্ষক ফার্মের পরিপালনীয় অন্যান্য শর্তাবলী:</u>

০১। যে সকল অডিট ফার্ম/উহার অংশীদারগণের সোনালী ব্যাংক পিএলসি এর নিকট ঋণ/দায়-দেনা রয়েছে তারা আবেদন করতে পারবেন না;

০২। আবেদনকারী অডিট ফার্ম এর কোনো অংশীদার সোনালী ব্যাংক পিএলসি এর পরিচালক বা সোনালী ব্যাংক পিএলসি এর সাবসিডিয়ারি কোনো প্রতিষ্ঠানের পরিচালক কিংবা এ ব্যাংকের ঋণ গ্রহীতা কোন প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে নিয়োজিত হতে পারবেন না;

০৩। সোনালী ব্যাংক পিএলসি এর পরিচালনা পর্ষদের সদস্য, উর্ধ্বতন নির্বাহী কিংবা তাদের পোষ্যদের সাথে অডিট ফার্মের কোনো সংশ্লিষ্টতা থাকতে পারবেন না;

০৪। নিয়োগপত্র প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে নিরীক্ষাকার্য সম্পাদনপূর্বক নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে।

০৫। আন্তর্জাতিক নিরীক্ষামান অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষাকার্য সম্পাদন করতে হবে। নিরীক্ষা প্রতিবেদন গুণগতমান সম্পন্ন হতে হবে;

০৬। নিরীক্ষকগণ নিরীক্ষার জন্য সোনালী ব্যাংক পিএলসি এর বর্ণিত ফান্ডসমূহের ট্রাস্টি বোর্ডের নিকট দায়বদ্ধ থাকবেন।

পরবর্তী পৃষ্ঠা-০২

৩.০০: বহি:নিরীক্ষক ফার্মের কার্যাবলী:

০১। ফান্ডসমূহের নিরীক্ষাকার্য পরিচালনায় সংশ্লিষ্ট আইন ও বিধি এবং বাংলাদেশ ব্যাংক/অর্থ মন্ত্রণালয়ের জারীকৃত বহি:নিরীক্ষা সংক্রান্ত সকল নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক অডিট কার্যক্রম সম্পাদন করা;

০২। নিরীক্ষকগণ কর্তৃক সুস্পষ্ট অভিমত/মতামত ও প্রয়োজনীয় ডাটা স্টেটমেন্ট সহ ফান্ডসমূহের নিরীক্ষা রিপোর্ট দাখিল করা;

০৩। নিরীক্ষাকালে ফান্ডস (Funds) বিষয়ক কোন অনিয়ম উদঘাটিত হলে প্রতিবেদনে যথাযথভাবে উল্লেখ করা;

০৪। নিরীক্ষা কাজ প্রচলিত নিয়ম/বিধি মোতাবেক সুষ্ঠুভাবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনের স্বার্থে প্রয়োজনে কোন সভা আহবান করা হলে উক্ত সভায় উপস্থিত থাকা।

৪.০০: নিরীক্ষা ফার্মের সম্ভাব্য ফি (পারিশ্রমিক):

TOR এ উল্লেখিত কাজের জন্য সর্বনিম্ন দর উদ্ধৃতকারী প্রতিষ্ঠানকে নির্বাচন করা হবে। নিরীক্ষা কার্যক্রমের ফি (পারিশ্রমিক) এর মধ্যে ট্যাক্স অন্তর্ভুক্ত থাকবে। তবে ভ্যাট ব্যাংক কর্তৃক পরিশোধ করা হবে। চূড়ান্ত নিরীক্ষা রিপোর্ট দাখিল/চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কোন বিল দাখিল করা যাবে না।

৫.০০: নিরীক্ষক নিয়োগে অন্যান্য শর্তাবলী:

০১। ৩১ ডিসেম্বর ২০২২ সাল ভিত্তিক অডিট কার্য সম্পাদন করতে হবে;

০২। উভয় পক্ষের সম্মতিতে একই পারিশ্রমিকে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি ব্যতিরেকেই ৩১ ডিসেম্বর ২০২৩ ও ৩১ ডিসেম্বর ২০২৪ সাল ভিত্তিক অডিট কার্য সম্পাদনের জন্য পুনঃনিয়োগ করা যাবে;

০৩। ট্রাস্টি বোর্ড সমীচীন মনে করলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।

(আলমগীর কবির চৌধুরী)
ডেপুটি জেনারেল ম্যানেজার